দৈনিক ইত্তেফাক
- 4 JUN 2017

# ২০২০ সালে কারিগরি শিক্ষার্থী ২০ ভাগে উন্নীত করা হবে
---------শিক্ষামন্ত্রী

■ ইত্তেফাক রিপোর্ট

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ জানিয়েছেন, ২০০৯ সালে মোট শিক্ষার্থীর মাত্র শতকরা এক ভাগ কারিগরি শিক্ষায় পড়াশোনা করত। বর্তমানে কারিগরি শিক্ষায় মোট শিক্ষার্থী ১৪ ভাগ। ২০২০ সালে এর হার ২০ ভাগে উন্নীত করা হবে।

গতকাল শনিবার রাজধানীর ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (আইডিইবি) ভবনে বাংলাদেশ প্রাইভেট পলিটেকনিক ওনার্স এসোসিয়েশন (বিপিপিওএ)-এর ২য় জাতীয় সম্মেলনে প্রধান অতিথির বক্তৃতায় শিক্ষামন্ত্রী একথা বলেন।

মন্ত্রী বলেন, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা আমাদের অগ্রাধিকারের অগ্রাধিকার। এর প্রসারে সব ধরনের সহযোগিতা দেওয়া হবে। কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষার মাধ্যমেই দক্ষ জনশক্তি গড়ে তোলা সম্ভব। এ দক্ষ জনশক্তি দেশের উন্নয়নের ভিত্তি হিসেবে কাজ করবে। দেশের বাইরেও দক্ষ জনবল কাজ করার সুযোগ পাবে।

তিনি বলেন, কারিগরি শিক্ষার বিস্তার ঘটাতে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠানেরও অনুমোদন দেওয়া হয়েছে। বর্তমানে দেশে ৪শ' ৬৭টি বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটের অনুমোদন দেওয়া হয়েছে। ৭ হাজার ৭৫৩টি ভোকেশনাল স্কুলের অনুমোদন দেওয়া হয়েছে। স্টেপ প্রকল্পের মাধ্যমে ১৬২টি বেসরকারি কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের বৃত্তি দেওয়া হচ্ছে। তিনি বলেন, সকল শিক্ষার্থীই আমাদের দেশের ভবিষ্যৎ। তাই তাদেরকে সমান সুযোগ দিতে হবে।

বিপিপিওএ'র সভাপতি ইঞ্জিনিয়ার মো. শামসুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী ড. আবদুস সোবহান গোলাপ, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সদস্য মো. নজরুল ইসলাম বাবু, কারিগরি ও মাদরাসা বিভাগের ভারপ্রাপ্ত সচিব মো. আলমগীর, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস এবং কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ড. মোস্তাফিজুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর